মেহেরপুরের পিরোজপুরে এনসিপির দোয়া মাহফিল ও আলোচনা সভা

গতকাল শনিবার মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র সাংগঠনিক কার্যক্রম জোরদারকরণ, জেলা আহ্বায়ক কমিটি গঠন এবং নতুন কার্যালয় চালু উপলক্ষে এক দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানটি পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হয়। এরপর স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আব্দুস সালাম। আলোচনা পর্বে বক্তব্য রাখেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক নেতা ও জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র মেহেরপুর জেলা সমন্বয় কমিটির আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, এনসিপি’র জেলা সমন্বয় কমিটির সদস্য (সংগঠন/দপ্তর) মোঃ হাসনাত জামান সৈকত এবং যুগ্ম সমন্বয়কারী আশিক রাব্বি। তারা স্থানীয় পর্যায়ে দলকে আরও সক্রিয় ও জনগণের পাশে রাখার আহ্বান জানান। বক্তব্যে সংগঠনের লক্ষ্য, নীতি এবং সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জেলা সমন্বয় কমিটির সদস্য (লিয়াজু) মাহাবুব-ই তৌহিদ রবিন, সদস্য (অর্থ) মোঃ তামিম ইসলাম, এনসিপি’র পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দোয়া মাহফিলে জুলাই অভ্যুত্থানে শহীদদের মাগফিরাত, দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয় এবং নতুন কার্যালয়ের সফলতা ও সংগঠনের অগ্রগতির জন্য মোনাজাত করা হয়। অনুষ্ঠান শেষে নেতৃবৃন্দ পিরোজপুর ইউনিয়নে সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করতে একযোগে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

মেহেরপুরের সাবেক এসপি নাহিদুল ইসলাম গ্রেপ্তার

রাজধানী থেকে মেহেরপুরের সাবেক এসপি একেএম নাহিদুল ইসলামকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ।

শুক্রবার (১২ সেপ্টেম্বর) রাত ২টার দিকে ইস্কাটন থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের প্রধান অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, নাহিদুল ইসলামের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা রয়েছে। সেই মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি ছিল। আমরা রিকুইজিশন পাওয়ার পর গত রাতে তাকে গ্রেপ্তার করা হয়।

এর আগে, গত ২৮ জুলাই এক প্রজ্ঞাপনের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় একেএম নাহিদুল ইসলামকে জনস্বার্থে সরকারি চাকরি থেকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, বিধি অনুযায়ী তিনি অবসরের সব সুবিধা পাবেন।

একেএম নাহিদুল ইসলাম ২০২৩ সালের ১১ জুলাই ডিআইজি পদে পদোন্নতি পান। তখন তিনি সিআইডির অতিরিক্ত ডিআইজি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। পদোন্নতির পরও তাকে সিআইডিতে রাখা হয়। তিনি অতীতে খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (অপারেশন অ্যান্ড ক্রাইম) হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

তবে মেহেরপুর জেলায় দায়িত্ব পালনকালে তিনি নানা বিতর্কিত কর্মকান্ডে জড়িত হয়ে পড়েছিলেন। ২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময়ে তার বিরুদ্ধে আদালতে দুইটি হত্যা মামলাও দায়ের করা হয়েছে।

গাংনীর নওপাড়া থেকে আবারও মোটরসাইকেল চুরি

মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া- কুলবাড়িয়া রাস্তায় থেকে জামিরুল ইসলাম নামের এক ব্যাক্তির একটি ১২৫ সিসি মোটরসাইকেল যার রেজিস্ট্রেশন নাম্বার (মেহেরপুর-হ – ১২-৬৫৫৩) চুরি হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টার সময় মোটরসাইকেল চুরির ঘটনা ঘটে।

মোটরসাইকেল মালিক জামিরুল ইসলাম জানান, একটি লাল রংয়ের ১২৫ সিসি ডিসকভারি মোটরসাইকেল নওপাড়া-কুলবাড়িয়ার মধ্যবর্তী রাস্তার পাশে রেখে কৃষি জমিতে কাজ করছিলেন। কিছু সময় কাজ শেষে মোটরসাইকেল দেখতে এসে দেখেন সেখানে মোটরসাইকেল নেই। পরে রাস্তার সিসি টিভি ফুটেজে মোটরসাইকেল নিয়ে যাওয়ার ভিডিও পাওয়া যায়। মোটরসাইকেলটি হিজলবাড়িয়ার রাস্তায় নিয়ে যায় দুইজন ব্যাক্তি। চুরির সাথে সম্পৃক্ত দুজনকে সিসি টিভি ভিডিওতে স্পষ্টভাবে দেখা যাচ্ছে। তবে তাদের সনাক্তের চেষ্টা চলছে।

এবিষয়ে গাংনী থানায় একটি জিডি করা হয়েছে। গাংনী থানার ওসি বানী ইসরাইল বলেন, মোটরসাইকেল চুরির ঘটনায় জিডি করেছে। আমরা চোর সনাক্তের চেষ্টা করছি।

উল্লেখ্যঃ নওপাড়া গ্রামের জামিরুল ইসলামের একটি পালসার মোটরসাইকেল এর আগেও বাড়ি থেকে চুরি হয়ে যায়। একাধিকবার মোটরসাইকেল চুরি হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন জামিরুল ইসলাম। তবে চুরির সাথে জড়িতদের দ্রুত শনাক্ত করার দাবী জানান এলাকাবাসী।

মেহেরপুরে ১২০ টাকায় স্বপ্ন পূরণ, পুলিশে চাকরি পেলেন ৯ জন

মেহেরপুরে সম্পূর্ণ মেধা ও যোগ্যতার মাপকাঠিতে ১২০ টাকা আবেদন ফি দিয়ে ট্রেইনি রিক্রুট কনস্টেবল পদে চূড়ান্তভাবে উত্তীর্ণ

হয়েছেন ৯ জন। ওয়েটিং লিস্টে রয়েছেন আরও দুইজন।

কনস্টেবল পদে উত্তীর্ণ এসব পুরুষদের নিয়ে শুক্রবার বিকেল ৫টায় মেহেরপুর পুলিশ লাইন্স ড্রিলশেডে মতবিনিময় সভা করেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

এ সময় কনস্টেবল পদে চাকরি চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হয়। শতভাগ মেধা ও যোগ্যতার ভিত্তিতে চূড়ান্তভাবে উত্তীর্ণ ৯ জন প্রার্থীর অনেকে তাদের মতামত প্রকাশের সময় আবেগপ্রবণ হয়ে পড়েন।

এসব প্রার্থীর মধ্যে অনেকেই ভ্যানচালক ও কৃষকের সন্তান, অনেকেই আবার অত্যন্ত দরিদ্র পরিবার থেকে উঠে এসেছেন। তারা শতভাগ স্বচ্ছতা, মেধা ও নিজ যোগ্যতায় চাকরি পেয়ে নিয়োগ-সংশ্লিষ্ট সবার ও বাংলাদেশ পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চাকরি পাওয়া মো: অমিত হাসান বলেন, আমার বাবা একজন কৃষক। আমি দীর্ঘ চারটা মাঠ করার পর তিনবার ভাইভা দিয়েছি। এবার আলহামদুলিল্লাহ, আল্লাহর অশেষ রহমতে মা-বাবার দোয়ায় ১২০ টাকার বিনিময়ে আমি পুলিশ কনস্টেবল পদে চূড়ান্তভাবে মনোনীত হয়েছি। আমি কোন দালাল চক্রের সাথে যোগ দিইনি, নিজের যোগ্যতায় চাকরি পেয়েছি।

অমিত হাসানের বাবা বলেন, আমি একজন কৃষক। পরিবারের চারজন সদস্য নিয়ে সংসার চালানো খুব কষ্ট হচ্ছিল। আমার বড় ছেলে অমিত চাকরি পেয়েছে এতে আমি ও আমার পরিবার খুব খুশি।
আমার ছেলে ১১টা মাঠ করেছে, শেষ পর্যন্ত নিজ যোগ্যতায় চাকরি পেয়েছে। এটা বড় ব্যাপার, কোনরকম টাকা-পয়সার লেনদেন করা লাগেনি। সর্বপ্রথম আমি আমাদের সৃষ্টিকর্তা মহান আল্লাহকে ধন্যবাদ জানাই। এরপর ধন্যবাদ জানাই এসপিকে, কারণ তিনি কোন রকম দুর্নীতি না করে যোগ্যতার ভিত্তিতে চাকরি দিয়েছেন।

মো: মাহফুজ আলী বলেন, আমার আব্বু একজন ভ্যান চালক। ভ্যান চালিয়ে আমাদের দুই ভাইয়ের পড়াশোনার খরচ চালিয়েছেন। আমার আব্বু মাথার ঘাম পায়ে ফেলে আমাদের মানুষ করেছেন। আমি নিজের যোগ্যতায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল পদে উত্তীর্ণ হয়েছি। পরিবারের পাশে এবং একজন সৎ, যোগ্য পুলিশ হয়ে বাংলাদেশের মানুষের পাশে দাঁড়াতে চাই।

মাহফুজ আলীর ভ্যানচালক বাবা বলেন, আমি একজন ভ্যান চালক। ভ্যানের উপর বাদাম ভেজে বিক্রি করে দুই সন্তানকে পড়াশোনা করাচ্ছি।

আলহামদুলিল্লাহ, আমি খুবই আনন্দিত আমার ছেলেকে নিয়ে। আজ সে নিজ যোগ্যতায় চাকরি পেয়েছে। আমার ছেলে বলেছে, তার প্রথম বেতন আমার হাতে তুলে দেবে। আমার ইচ্ছা, সেই প্রথম বেতনটা আমি মসজিদে দিব।

মো: রুমান ইসলাম বলেন, আমার বাবা একজন কৃষক। আব্বু-আম্মুর যথেষ্ট বয়স হয়েছে। আমার চাকরিটা পরিবারের পাশে দাঁড়ানোর জন্য খুব প্রয়োজনীয় ছিল। চাকরিটা পেয়ে আমি ও আমার পরিবার অনেক খুশি। চাকরিটা আমি নিজ যোগ্যতায় পেয়েছি, কোন টাকা-পয়সা বা লেনদেন ছাড়াই। চাকরিটা পেয়েছি শুনে সবার আগে বাবার কথা মনে পড়েছে, কারণ বাবা অনেক কষ্ট করে আমাকে এতদূর নিয়ে এসেছেন।

পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী বলেন, আমরা বাংলাদেশ পুলিশ বিগত বেশ কয়েক বছর ধরে পরিবর্তিত নিয়োগ পদ্ধতি অনুসরণ করার মাধ্যমে সুনামের সাথে সারা দেশব্যাপী স্বচ্ছতার সাথে ট্রেইনি রিক্রুমেন্ট কনস্টেবল (টিআরসি) সম্পন্ন করে এসেছি। তারই ধারাবাহিকতায় ২০২৫ এ এ পর্যায়ে টিআরসি রিক্রুমেন্ট কনস্টেবল সম্পূর্ণ হলো।

তারা নিয়োগ পেয়েছেন, তারা তাদের যোগ্যতা, মেধা ও দক্ষতার ভিত্তিতে নিয়োগ পেয়েছেন। মাঠ পর্যায়ে কাজের মাধ্যমে তাদের দক্ষতার প্রমাণ আপনারা দেখতে পাবেন বলে আশা করি। মেহেরপুরবাসী, সাংবাদিকগণ ও সাধারণ জনগণ সর্বদা পুলিশকে সহযোগিতা করে এসেছেন। আপনাদের সহযোগিতার ফলে আজকে সুষ্ঠুভাবে সুন্দরভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আর কোন দালাল চক্রের টাকা-পয়সা লেনদেনের মতো কোন সংবাদ বা তথ্য আমরা পাইনি। যদি কখনও এরকম তথ্য পাওয়া যায় অবশ্যই আমরা তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেব।

মেহেরপুরে কাম ফর হিউম্যানিটির ৭ম বর্ষপূর্তি পালিত

মেহেরপুরে তারুণ্যের উচ্ছ্বাসে মানবতার উৎসব ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

পৈতৃক ভিটা কুষ্টিয়াতে তিনি কয়েকদিন আগে এসেছেন। সুস্থ সমাজ বিনির্মানে সকলকে কাজ করার আহবান জানান।সমাজের বিত্তবান ও সচেতন নাগরিকদের স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে সহযোগিতার আহবান জানান তিনি।

মেহেরপুরে স্বর্গীয় দিলিপ বাশফোড় স্মৃতি ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

স্বর্গীয় দিলিপ বাশফোড়ের স্মরণে মেহেরপুরে একদিনব্যাপী ফুটবল টুর্নামেন্ট-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকালে মেহেরপুরের গোভিপুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে দিনব্যাপী এ টুর্নামেন্টের আয়োজন করে মেহেরপুর হরিজন ফ্রেন্ডস ক্লাব ফুটবল একাদশ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের উদ্বোধন করেন, মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও সাবেক পৌর বিএনপি’র সভাপতি মোঃ জাহাঙ্গীর বিশ্বাস।

বাংলাদেশ বাশফোড় হরিজন কল্যাণ পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী মিঠু বাশফোড় এর সভাপতিত্বে টুর্নামেন্টে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নিজে ঢাদ কালচারাল একাডেমির সভাপতি রোকনুজ্জামান রোকন, বড়বাজারের দীর্ঘদিনের ব্যবসায়ী মোঃ শাহিনুল্লাহ, বাংলাদেশ হরিজন যুব ঐক্য পরিষদ, মেহেরপুর জেলা শাখার সভাপতি শ্রী জনি ভূইমালী প্রমুখ।

দিনব্যাপী প্রতিযোগিতায় স্থানীয় বিভিন্ন দল অংশ নেয়। প্রাণবন্ত খেলায় দর্শকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। টুর্নামেন্ট শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ফৌজদারীপাড়া যুবসংঘ আয়োজিত মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন

মেহেরপুর শহরের ফৌজদারী পাড়া যুব সংঘের আয়োজনে মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে শহরের চিজ এন্ড ফিজ রেস্টুরেন্টে এক অনুষ্ঠানের মাধ্যমে ট্রফি উন্মোচন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আকাশ, মুকিম, শোভন, মারুফ, মাহফুজ, নয়ন, হাবিব, সেলিম, মনা, মুন্না, রাকিবুল ইসলাম রিপন, লিটনসহ আরও অনেকে।

আয়োজকরা জানান, আজ শুক্রবার সন্ধ্যা ৭টায় টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। এবারের প্রতিযোগিতায় মোট ছয়টি দল অংশগ্রহণ করবে— বুলু আইজ, ফ্যালকন বয়েজ, রেড সকস, সেভেন স্টার, নাইট টাইগার ও গোল হান্টার।

টুর্নামেন্ট উপলক্ষে খেলোয়াড় ও এলাকাবাসীর মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে।

মেহেরপুরে পরিবেশ বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা

একটি তালগাছ লাগিয়ে পৃথিবীতে তোমায় শত বছর স্মৃতিচিহ্ন রেখে দাও” — এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের উদ্যোগে পরিবেশ বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বি. এম. কলেজ মিলনায়তনে এ সেমিনার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বি. এম. কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রওশনারা খাতুন। প্রধান অতিথি ছিলেন,

সদর উপজেলা কৃষি অফিসার মো. মনিরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত কৃষি অফিসার রাজিবুল হাসান এবং উপসহকারী কৃষি অফিসার চায়না খাতুন।

সেমিনারে বক্তব্য রাখেন, সহকারি প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ, প্রভাষক মফিজুর রহমানসহ আরও অনেকে। পরে কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪০ দিনব্যাপী “ফ্রিল্যান্সিং ট্রেনিং অন ডিজিটাল মার্কেটিং এন্ড গ্রাফিক্স ডিজাইন” এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আইসিটি অধিদপ্তরের বাস্তবায়নে এবং মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ হলরুমে এই সমাপনী অনুষ্ঠিত হয়।

উক্ত সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সরকারি প্রোগ্রামার সুব্রত কুমার বিশ্বাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খাইরুল ইসলাম। এছাড়াও ৪০ দিনব্যাপী এই ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, রাসেল আহমেদ ও হারেজ উদ্দীন (হিরো)।

এ প্রশিক্ষণে মোট ২০ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। প্রশিক্ষনার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, মোঃ রাফি হাসান, তাজমির ইসলাম, পলক মিয়া ও জান্নাতুল ফেরদৌসসহ আরও অনেকে।

সমাপনী অনুষ্ঠানে ইউএনও মো. খায়রুল ইসলাম বলেন, “পড়ালেখার পাশাপাশি আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষতা অর্জন সময়ের দাবি। শুধু সরকারি চাকরির স্বপ্ন নয়, দক্ষ ফ্রিল্যান্সার হয়ে ঘরে বসেই

বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব। সরকার তরুণদের দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে নানা প্রকল্প হাতে নিয়েছে। আজ যারা সনদ পেয়েছেন, তারা যেন নিয়মিত চর্চা করে আত্মকর্মসংস্থান গড়ে তোলেন এবং অন্যদেরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করেন। মেহেরপুরের তরুণরা যদি আইটি দক্ষতায় এগিয়ে আসে, তবে বেকার সমস্যা কমবে এবং একদিন মেহেরপুরই ফ্রিল্যান্সিং হাবে পরিণত হবে।”

অনুষ্ঠান শেষে সকল প্রশিক্ষণার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়।

গাংনীতে র্যাবের অভিযানে দেশীয় অস্ত্র উদ্ধার

মেহেরপুরের গাংনীতে র্যাব-১২, সিপিসি-৩ এর অভিযানে পরিত্যাক্ত দেশীয় প্রযুক্তিতে তৈরী একটি অবৈধ সচল ওয়ান শুটার গান উদ্ধার হয়েছে।

গতকাল বুধবার রাত পোনে ৯ টার দিকে গোয়েন্দা সূত্রের ভিত্তিতে গাংনীর সাহারবাটি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের ধর্মচাকী হতে হিজলবাড়ী গামী পাকা রাস্তা সংলগ্ন হিজলবাড়ী বটতলা নামক স্থানে অভিযান পরিচালনা করে লাল রংয়ের শপিং ব্যাগের মধ্যে লাল কাপরে জড়ানো দেশীয় প্রযুক্তিতে লোহার তৈরী একটি অবৈধ সচল ওয়ান শুটার গান পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করেন র্যাব।

পরবর্তীতে আজ বৃহস্পতিবার সকলে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানী কমান্ডারের কার্যালয় ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩’র পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে সকল তথ্য জানানো হয়।

র্যাবের কর্মকর্তারা আরও জানান, সমাজ থেকে অপরাধ দমনে র্যাবের অভিযান অব্যাহত থাকবে। পাশাপাশি তারা জনগণকে তথ্য দিয়ে সহযোগিতা করার আহ্বান জানান।